গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এর কার্যালয়
খুলনা।

(ওয়েবসাইটঃ www.judiciary.gov.bd)
ই-মেইলঃ msjkhulna@gmail.com
টেলিফোন ঃ 02477721171

## অফিস আদেশ

তারিখঃ ২৭/৩/২০২৫ খ্রিঃ।

নং- ১১।

খুলনার মহানগর দায়রা জজ আদালত এর নাজির জনাব মোঃ আবুল কালাম আজাদ (পাসপোর্ট নম্বর- E00145564) ব্লাড ক্যান্সারে আক্রান্ত হয়ে ভারতের খ্রিষ্টিয়ান মেডিকেল কলেজ, ভেলোর হতে অতি সম্প্রতি কেমোথেরাপি সম্পন্ন করে দেশে ফিরে কর্মস্থলে যোগদান করেছেন। কিন্তু সফলভাবে কেমোথেরাপি প্রদান সম্পন্ন হলেও গুরুত্বপূর্ণ মেডিকেল চেকআপ সহ অন্যান্য পরীক্ষার জন্য তথায় আরও ০১(এক) মাস চিকিৎসাধীন থাকা আবশ্যক মর্মে বিশেষজ্ঞ চিকিৎসকগণ পরামর্শ প্রদান করায় তিনি আগামী ০৫/৪/২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৪/৫/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ৩০(ত্রিশ) দিন অথবা যাত্রার তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটির প্রার্থনা করেছেন। তার দাখিলী দরখাস্তে উল্লেখিত কারণসমূহ সন্তোষজনক মর্মে প্রতিপন্ন হওয়ায় তার অনুকূলে আগামী ০৫/৪/২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৪/৫/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ৩০(ত্রিশ) দিন অথবা ভারত যাত্রার তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটি প্রার্থীত মতে মঞ্জুর করা হলো। তার অবর্তমানে সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর জনাব গনেশ কুমার দাস নিজ দায়িত্বের অতিরিক্ত তার উপর অর্পিত সকল দায়িত্ব পালন করবেন।

তার এই বিদেশ গমনে সরকার দেশীয় বা বৈদেশিক মুদ্রার কোন অর্থ ব্যয় করবেন না।

তার সার্ভিস বুকে নোট দেওয়া হোক।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।

স্বাক্ষরিত/-
২৭/৩/২০২৫ খ্রিঃ
(মোঃ শরীফ হোসেন হায়দার)
মহানগর দায়রা জজ
খুলনা।

স্মারক নং- ৫০(৮)/জি,

তারিখঃ ২৭/৩/২০২৫ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। ভারপ্রাপ্ত বিচারক, হিসাব শাখা, মহানগর দায়রা জজ আদালত, খুলনা।
২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
৩। ইমিগ্রেশন কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৪। ইমিগ্রেশন কর্মকর্তা, ভোমরা, সাতক্ষীরা/বেনাপোল, যশোর।
৫। জনাব মোঃ আবুল কালাম আজাদ, নাজির, মহানগর দায়রা জজ আদালত, খুলনা।
৬। জনাব গনেশ কুমার দাস, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, মহানগর দায়রা জজ আদালত, খুলনা।
৭। জনাব মোঃ হাদিউজ্জামান, ফোকাল পার্সন, মহানগর দায়রা জজ আদালত, খুলনা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৮। আদেশ বহি।
৯। অফিস কপি।

২৭/৩/২০২৫ খ্রিঃ
মহানগর দায়রা জজ
খুলনা।